আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ ছাত্রদল নেতা আটক

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ লিখন নামের এক ছাত্রদল নেতা গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা পৌরসভার বাবুপাড়া এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্প হারদী ও আলমডাঙ্গা থানা পুলিশের যৌথ অভিযানে দেশীয় অস্ত্রসহ লিখন নামের একজন ছাত্রদল নেতাকে আটক করা হয়েছে।

সেনাবাহিনীর ক্যাপ্টেন তোফাজ্জেল হকের নেতৃত্বে গভীর রাতে পরিচালিত এ অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে বাবুপাড়ার একটি টংঘর ঘিরে ফেলে অভিযানে অংশ নেয় সেনা ও পুলিশ সদস্যরা। অভিযান চলাকালে টংঘরের ভেতর থেকে একটি ওয়ান শুটার গান, একটি চাইনিজ কুড়াল, এবং একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। একই সময় সেখানেই অবস্থানরত মৃত তারাচাঁদের ছেলে মোঃ লিখন হাসান হিরক(২৬) কে আটক করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও আলামত পুলিশ জব্দ করে এবং আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, সেনাবাহিনীর নির্দেশনায় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে অস্ত্রসহ ওয়ারেন্টভুক্ত আসামি ইমান

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কামতা গ্রামের ওমর ফারুক জানান, আটককৃতরা দীর্ঘদিন ধরে এলাকায় বেপরোয়া ভাবে চাঁদাবাজী করে আসছিলে।

বিষয়টি বাজার গোপালপুর পুলিশ ক্যাম্পে জানালে তিনি গ্রামবাসিকে পাহারা বসানোর পরামর্শ দেন। সোমবার রাতে কামতা গ্রামের মিন্টু, আবুল হোসেন ও কেরানীর বাড়িতে চাঁদার জন্য হানা দেয়। চাঁদাবাজদের উপস্থিতি টের পেয়ে বাড়ির লোকজন চিৎকার দিলে গ্রামের মানুষ তাদের ঘিরে ফেলে। এ সময় চাঁদাবাজরা কয়েকটি বোমার বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। ওই রাতে গ্রামের মানুষ আবারো তাদের ধরার জন্য ওৎ পেতে থাকে। চাঁদাবাজরা আবারো গ্রামে প্রবেশ করার চেষ্টা করে গ্রামবাসি দিন মোহাম্মদ, হৃদয় বিশ্বাস ও আশরাফুলকে দেশী অস্ত্রসহ আটক করে। এ সময় মধুহাটী ইউনিয়নের আজিবর রহমানের ছেলে কোরবান আলী বোমার থলি নিয়ে পালিয়ে যেতে সক্ষম হয়।

খবর পেয়ে ঝিনাইদহ সদর থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে গ্রামবাসির হাতে ধৃত চাঁদাবাজদের উদ্ধর করে ঝিনাইদহ সদর থানায় নিয়ে আসেন।

গ্রামবাসি অভিযোগ করেন, ৫ আগষ্টের পর একটি সংঘবদ্ধ চক্র সদর উপজেলার মধুহাটী ইউনিয়নের বিভিন্ন গ্রামে বেপরোয়া ভাবে চাঁদাবাজী করলেও পুলিশের পক্ষ থেকে তারা কোন সহায়তা পাচ্ছেন না।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন জানান, চাঁদাবাজদের জিজ্ঞাসাবাদ চলছে। তাদের সঙ্গে কারা কারা জড়িত সেই তথ্য উদ্ধারের চেষ্টা চলছে। তিনি আরো জানান, এ ব্যাপারে মঙ্গলবার দুপুরে ওই গ্রামের সাইফুল ইসলাম নামে একব্যক্তি বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি মামলা করেছে।

কুষ্টিয়ায় অস্ত্রসহ ২ যুবক আটক

কুষ্টিয়ার খোকসায় প্রশান্ত শিকদার নামে এক ব্যক্তিকে অস্ত্রের মুখে জিম্মিকরে তাঁর মোটরসাইকেল ছিনতাইকালে দুই যুবককে আটক করে পুলিশে সোপর্দ করেছে জনতা। গতকাল বুধবার রাতে উপজেলার জানিপুর ইউনিয়নের নাগড়পাড়া চরের শিব মন্দিরের কাছে এ ঘটনা ঘটে। এ সময়

আটকদের কাছ থেকে একটি দেশীয় পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি ধারালো ছুরি উদ্ধার করা হয়েছে।

আটক দুই যুবক হলেন-খোকসার গোপগ্রাম ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের হাসান (২৮) ও একই ইউনিয়নের বড়ইচারা গ্রামের সজিব মোল্লা (৩০)।

ভুক্তভোগী প্রশান্ত শিকদার জানান, গতকাল রাত সাড়ে ১০টার দিকে শিব মন্দির থেকে ফেরার সময় ৫ / ৬ জন ব্যক্তি তাকে অস্ত্রের মুখে জিম্মি করে তার মোটরসাইকেলটি ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় তার চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসলে ছিনতাইকারীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করেন।

স্থানীয়রা এ সময় দুজনকে ধরলেও বাকিরা পালিয়ে যান। আটক দুজনের শরীরে তল্লাশি করে কোমরে গোঁজা একটি দেশি তৈরি পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি সেভেন গিয়ার চাকু উদ্ধার করা হয়। পরে গণপিটুনি দিয়ে দুজনকে খোকসা থানার পুলিশের কাছে সোপর্দ করে স্থানীয়রা।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আশিকুর রহমান বলেন, ‘মোটরসাইকেল ছিনতাইয়ের সময় অস্ত্রসহ দুজনকে আটক করে স্থানীয়রা পুলিশে সোপর্দ করেছে। আটকদের জিজ্ঞাসাবাদে পালিয়ে যাওয়া ব্যক্তিদের পরিচয় জানা গেছে।’

ওসি আরও বলেন, ‘আটক আসামিদের বিরুদ্ধে থানায় মামলা হয়েছে এবং তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।’ আটক দুজনের মধ্যে হাসানের বিরুদ্ধে বিস্ফোরক আইনে মামলা রয়েছে বলে জানান তিনি।

কুষ্টিয়ায় ডাকাতি প্রস্তুতকালে অস্ত্রসহ ৫ ডাকাত আটক

কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের মন্ডল ফিলিং স্টেশন এলাকা থেকে দেশীয় অস্ত্রসহ ৫ জন ডাকাত আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি)

পুলিশ।

গত রোববার দিবাগত রাত ১২টার দিকে ডাকাতির প্রস্তুতিকালে ওই পাঁচজনকে আটক করেন পুলিশ। এই সময় তাদের কাছে থেকে ৪টি বড় হাসুয়া ও ১টি চাইনিজ জব্দ করা হয়।

এসব তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া পৌরসভার থানাপাড়ার বাদ এলাকার কুষ্টিয়া পৌরসভার থানা পাড়ার বাধ এলাকার মৃত আব্দুল আজিজ খানের ছেলে শুভ খান (৩৫), টাইগার হোসেনের ছেলে যুবরাজ হোসেন (২৫), কুরবান আলীর ছেলে রাহুল আমিন (২১) ও কোটপড়ার শুকনগর বস্তি এলাকার মৃত বাবু শেখের ছেলে বিপ্লব শেখ (২৪) এবং কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মুসলিমনগর এলাকার মৃত আফাজ বিশ্বাসের ছেলে আসলাম বিশ্বাস (৩২)।

পুলিশ সূত্রে জানা যায়, আটক ব্যক্তিরা আন্তঃজেলা ঢাকা জেলার সদস্য। তারা নিয়মিত বিভিন্ন এলাকায় ডাকাতি করে আসছে।

কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন বলেন, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন ১৫-১৬ জনের একটি ডাকাত দল কুষ্টিয়া রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে অবস্থিত মন্ডল ফিলিং স্টেশন এলাকায় ডাকাতি করা উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র নিয়ে তারা ডাকাতি প্রস্তুতি নিচ্ছে।

এমন সংবাদ জানার পর জেলা গোয়েন্দা পুলিশের একটি অভিধানিক দল সেখানে অভিযান চালিয়ে ওই পাঁচজন ডাকাতকে আটক করে। এই সময় তাদের কাছ থেকে চারটি বড় হাসুয়া ও একটি চাইনিজ কুড়াল জব্দ করা হয়। সোমবার সকালে তাদেরকে আদালতের মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হয়।